

ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদ
তথ্য, সংস্কৃতি ও পর্যটন দপ্তর,
ত্রিপুরা, পশ্চিম ত্রিপুরা

এডিসি।স-৮৩

খুমলুঙে এডিসির উদ্যোগে বিশ্ব জনজাতি দিবস পালিত

খুমলুঙে, ০৯।০৮।২০২৩ইং

আজ এডিসির উদ্যোগে খুমলুঙস্থিত নুউই অডিটোরিয়ামে যথাযোগ্য মর্যাদায় বিশ্ব জনজাতি দিবস পালন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চেয়ারম্যান জগদীশ দেববর্মা। অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন মৎস্য ও প্রাণী সম্পদ দপ্তরের নির্বাহী সদস্য রাজেশ ত্রিপুরা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এডিসির সংস্কার কমিটির সদস্য তথা প্রাক্তন বিধায়ক বিজয় কুমার রাঞ্জল, মুখ্যনির্বাহী আধিকারিক সি. কে. জমাতিয়া, চীফ লিগ্যাল উপদেষ্টা দাতামোহন জমাতিয়া। সন্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রাক্তন নির্বাহী সদস্য চন্দ্রদায় রূপিনী, এমডিসি গনেশ দেববর্মা, পশ্চিম জোন্যালের চেয়ারম্যান টনি দেববর্মা এবং সমাজসেবী পবিত্র ভক্তি জমাতিয়া। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্বাস্থ্য দপ্তরের নির্বাহী সদস্য কমল কলই। অনুষ্ঠানের শুরুতে উদ্বোধনী সঙ্গীত পরিবেশন করেন ত্রিপুরা ট্রাইবেল ফোক মিউজিক কলেজের ছাত্রছাত্রীরা। এছাড়া সাসা একাডেমীর ছাত্রছাত্রীরা সঙ্গীত এবং নৃত্য পরিবেশন করেছে। বিশ্ব জনজাতি দিবস উপলক্ষ্যে আয়োজিত সেমিনারের বিষয় ছিল “স্বসহায়ক পরিবর্তনের জন্য ত্রিপুরা যুবকদের এজেন্ট করা।” প্রধান অতিথির ভাষণে চেয়ারম্যান জগদীশ দেববর্মা সাংবিধানিক অধিকার আদায়ের লক্ষ্যে যুবসমাজকে ঐক্যবদ্ধভাবে এগিয়ে আসার আহ্বান জানান। নিজস্ব ভাষা, সংস্কৃতি, কৃষ্টি রক্ষায় ঐক্যবদ্ধ না হলে আগামীদিনে তা হারিয়ে যাবে বলে তিনি মন্তব্য করেন। তিনি আরও বলেন জনজাতি যুবসমাজকে ধ্বংস করার ষড়যন্ত্র চলছে। ড্রাগ, নেশায় আক্রান্ত করতে সর্বদা চেষ্টা চলছে। যুবক-যুবতীদের ড্রাগ, নেশা থেকে দূরে থাকার আহ্বান জানান তিনি। বিদ্যাই প্রধান হাতিয়াড়। তাকে নিয়ে অগ্রসর হবার পরামর্শ দেন। তিনি বলেন লেখাপড়া ছাড়া বেঁচে থাকা বৃথা। ধন দোলত নিয়ে রাজা হওয়া যাবে। কিন্তু লেখাপড়া হলে সর্বত্র বেঁচে থাকতে পারবে। আরও বলেন সততার সাথে কাজ করলে অর্থের অভাব হবে না। জীবনে চলার পথে বয়স্কদের পরামর্শ খুবই দরকার। তাদের আর্শিবাদ সাথে নিয়ে চললে কোন অসুবিধায় পড়বে না। তিনি আরও বলেন বিশ্ব জনজাতি দিবস আজ থেকে ৩০ বছর আগে থেকে পালিত হয়ে আসছে। জনজাতিদের সাংবিধানিক অধিকার প্রদান করতে রাষ্ট্রসংঘ নির্দেশ দিয়েছে। কিন্তু আজও বিভিন্ন অজুহাতে জনজাতিদের সাংবিধানিক অধিকার থেকে বঞ্চিত করে রাখা হয়েছে। রাজ্য অবস্থিত এন আই টিতে জনজাতি ছেলেমেয়েদের রাজ্যের নিয়ম অনুযায়ী সংরক্ষন কিভাবে পেয়েছে। সেই সম্পর্কে বিস্তারিত তথ্য তিনি আলোচনা সভায় তুলে ধরেন। আরও বলেন ২০০৬ সালে বন আইন চালু হয়েছিল। সেই আইন বর্তমান কেন্দ্রীয় সরকার পরিবর্তন করতে বিল পাশ করেছে। রাজ্যে বন-আইন মোতাবেক জনজাতি অংশের জনগণ আজ ও সঠিকভাবে জমির অধিকার পায় নি বলে তিনি মন্তব্য করেন।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে এডিসির সংস্কার কমিটির সদস্য তথা প্রাক্তন বিধায়ক বিজয় কুমার রাঞ্জল, এমডিসি গনেশ দেববর্মা, মুখ্যনির্বাহী আধিকারিক সি. কে. জমাতিয়া এবং চীফ লিগ্যাল উপদেষ্টা দাতামোহন জমাতিয়া আলোচনায় অংশ গ্রহণ করেছেন। আজ বিশ্ব জনজাতি দিবস উপলক্ষ্যে ইয়াখিলী স্কুল ময়দানে ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। মুখ্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া নেতৃত্বে এমডিসি দল চার গোল এবং অনিমেষ দেববর্মা নেতৃত্বে এম এল এ দল দুই গোল দিয়েছে। বিজয়ী দলের হাতে ট্রফি তুলে দেওয়া হয়।